দৈনিক বাংলা

তারিখ 30 AUG 1995
পৃষ্ঠা 1 কলাম 2

168

# ঢাকা ভার্সিটির ইনস্টিটিউটে ভর্তির পোষ্যকোটা থাকবে না

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার :** ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবেশ পরিষদের সভা গতকাল মঙ্গলবার অনুষ্ঠিত হয়। প্রশাসনিক

(৪-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটির

(প্রথম পৃষ্ঠার পর)

ভবনে অনুষ্ঠিত সভায় পরিষদের সভাপতি প্রফেসর এমাজ উদ্দীন আহমদ সভাপতিত্ব করেন।

সভায় বিশ্ববিদ্যালয় ভর্তি কমিটির সিদ্ধান্তগুলি ছাত্র সংগঠনগুলোকে অবহিত করা হয়। সভায় জানানো হয়, গত ২৫ আগস্ট সাধারণ ভর্তি কমিটি যেসব সিদ্ধান্ত গ্রহণ করে তার মধ্যে রয়েছে সকল ছাত্রছাত্রীকে অবশ্যই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পোষ্যদের ভর্তির কোটা অত্যন্ত সীমিত থাকবে। ভর্তি পরীক্ষায় কমপক্ষে ৪০ নম্বর না পেলে পোষ্য হিসাবে ভর্তির যোগ্য হবে না। কোন বিভাগেই পোষ্য কোটা থেকে দুইজনের বেশী ভর্তি করা যাবে না এবং ইনস্টিটিউট গুলোতে পোষ্য কোটা থাকবে না।

কর্তৃপক্ষের এ সিদ্ধান্তের সঙ্গে সংগঠনগুলি একমত প্রকাশ করেন বলে সভা সূত্রে জানা গেছে। ছাত্রদল, ছাত্রলীগ (শা-পা)সহ গণতান্ত্রিক ছাত্র ঐক্যের নেতৃবৃন্দ সভায় উপস্থিত ছিলেন। সেপ্টেম্বরের ১২ তারিখ পরবর্তী সভা অনুষ্ঠিত হবে।